গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
প্রশাসন শাখা
www.udd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০২.২৩.০০১.১৭.৩৪৫

তারিখ: ৮ চৈত্র ১৪২৯
২২ মার্চ ২০২৩

বিষয়: **২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদযাপন**

সূত্র: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্মারক নং-২৫.০০.০০০০.০১৫.২৩.০০১.২২.২২৭,তারিখ: ১৬/০৩/২০২৩ খ্রি.

যথাযথ সম্মান প্রদর্শন পুর্বক উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: সুত্রস্থ পত্রের কপি। (6939/potrojariAttachmentRef/2474/0/3383)

২২-৩-২০২৩
মোক্তার আলম
প্রশাসনিক কর্মকর্তা
ফোন: ২২৩৩৮৪৯২৪
ইমেইল: prosasonudd@gmail.com

সিনিয়র প্ল্যানারবৃন্দ আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০২.২৩.০০১.১৭.৩৪৫/১(৩)

তারিখ: ৮ চৈত্র ১৪২৯
২২ মার্চ ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক (চলতি দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর
২) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর
৩) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর

২২-৩-২০২৩
মোক্তার আলম
প্রশাসনিক কর্মকর্তা

উপ-পরিচালক (প্ল্যানিং/রিসার্চ)
প্রকল্প পরিচালক (নয়টি উপজেলা)
প্রকল্প পরিচালক (পায়রা-কুয়াকাটা)
প্রকল্প পরিচালক (কুষ্টিয়া...)
সিনিয়র জিওগ্রাফার (রিসার্চ)
সিনিয়র প্ল্যানার (টাঃ প্ল্যা)/(রিঃ প্ল্যা)
সিনিয়র প্ল্যানার (থাঃ সেঃ প্ল্যাঃ-১)/(থাঃ সেঃ প্ল্যাঃ-২)
সিনিয়র প্ল্যানার (ট্রেঃ সেঃ প্ল্যাঃ সে)/(আঃ প্ল্যা)
সহকারী প্রকৌশলী (...)
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
হিসাব রক্ষণ কর্মকর্তা
প্রশাসনিক কর্মকর্তা/...সহকারী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohpw.gov.bd.

নম্বরঃ ২৫.০০.০০০০.০১৫.২৩.০০১.২২.২২৭

তারিখ: ০২ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
১৬ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

**২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে কেন্দ্রীয়ভাবে গৃহীত কার্যক্রম বাস্তবায়ন এবং এ মন্ত্রণালয়ের কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

সভাপতি : কাজী ওয়াছি উদ্দিন
সচিব
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

তারিখ ও সময় : ১৪ মার্চ ২০২৩খ্রি. বেলা: ২.০০ টায়

সভার স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (ভবন নং-৫, কক্ষ নং-২০৪)।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতেই তিনি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন এবং মহান মুক্তিযুদ্ধে আত্মত্যাগকারী সকল বীর শহীদদের গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করে তাঁদের রুহের মাগফেরাত কামনা করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ-১) জনাব মো: অলিউল্লাহ এনডিসি সভাকে অবহিত করেন যে, সরকার প্রতি বছরের ন্যায় এ বছরও ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে কেন্দ্রীয় কর্মসূচি নির্ধারণ করেছে। কেন্দ্রীয়ভাবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সভা করে কর্মসূচি চূড়ান্ত করেছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ও নিরাপত্তা বিষয়সহ সভা করেছে। তিনি সভায় কেন্দ্রীয় কর্মসূচি পাঠ করে শোনান।

সভাপতি তাঁর বক্তব্যে বলেন যে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রণীত কেন্দ্রীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে এ মন্ত্রণালয় এবং নিয়ন্ত্রণাধীন দপ্তর/সংস্থা কর্মসূচি নির্ধারণ করবে এবং কর্মসূচি বাস্তবায়নের সর্বাত্মক উদ্যোগ গ্রহণ করবে। এ মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা নিজ নিজ কর্মসূচি সুষ্ঠু ও সুচারুরূপে সম্পন্ন করবে।

২. অতঃপর বিস্তারিত আলোচনাক্রমে ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে কেন্দ্রীয়ভাবে গৃহীত কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে এ মন্ত্রণালয় এবং নিয়ন্ত্রণাধীন দপ্তর/সংস্থার জন্য নিম্নোক্ত কর্মসূচি/কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-১:

| কার্যবিবরণীর ক্রমিক | তারিখ/সময় | কেন্দ্রীয় কর্মসূচি | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ৩. | ২৬-০৩-২০২৩ (ভোর ৫.৫৭) | সূর্যোদয়ের সাথে সাথে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ। | সূর্যোদয়ের সাথে সাথে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানটি যথাযথভাবে সম্পন্ন করার লক্ষ্যে গণপূর্ত অধিদপ্তর পুষ্পস্তবক প্রস্তুতসহ প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণ করবে। | গণপূর্ত অধিদপ্তর |
| ৪. | ২৬-০৩-২০২৩ | ক) সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে)। | সূর্যোদয়ের সাথে সাথে এ মন্ত্রণালয় ও নিয়ন্ত্রণাধীন সকল দপ্তর/সংস্থা নিয়নমানুযায়ী জাতীয় পতাকা উত্তোলন করবে। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ও নিয়ন্ত্রণাধীন সকল দপ্তর/সংস্থা |

| কার্যবিবরণীর ক্রমিক | তারিখ/সময় | কেন্দ্রীয় কর্মসূচি | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ৫. | ২৬-০৩-২০২৩ সন্ধ্যা থেকে আলোকসজ্জা করা যাবে। | গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা। **(কোনক্রমেই ২৫/০৩/২০ ২৩ তারিখ আলোকসজ্জা করা যাবে না)।** | কেন্দ্রীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে প্রয়োজনীয় আলোকসজ্জা করা যাবে। | গণপূর্ত অধিদপ্তর ও সকল দপ্তর/সংস্থা |
| ৭. | ২৬-০৩-২০২৩ | ক) সাভার জাতীয় স্মৃতিসৌধে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্ব নিয়োজিত মাননীয় মন্ত্রীর নেতৃত্বে উপস্থিত বীরশ্রেষ্ঠ পরিবার, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং মুক্তিযোদ্ধাগণ কর্তৃক পুষ্পস্তবক অর্পণ। খ) বাংলাদেশে অবস্থিত বিদেশী কূটনীতিকদের সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ। | গণপূর্ত অধিদপ্তর প্রয়োজনীয় পুষ্পস্তবক প্রস্তুতসহ অন্যান্য আনুষঙ্গিক সকল কার্যক্রম গ্রহণ করবে। | গণপূর্ত অধিদপ্তর |

সিদ্ধান্ত-২: গণপূর্ত অধিদপ্তর মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ২৬ মার্চ ২০২৩ তারিখ ভোর ৫.৫৭ মিনিটে সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের পর ভিজিটর বুক স্বাক্ষরের জন্য ভিজিটর বুকসহ উপযুক্ত কলম প্রস্তুত রাখবে।

সিদ্ধান্ত-৩: গণপূর্ত অধিদপ্তর সাভার জাতীয় স্মৃতিসৌধের প্রয়োজনীয় মেরামত ও সংস্কারসহ পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ নির্ধারিত সময়ের পূর্বে যথাসময়ে ও যথাযথভাবে সম্পন্ন করবে। গণপূর্ত অধিদপ্তরের প্রধান প্রকৌশলীসহ সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাগণ সরেজমিনে স্মৃতিসৌধ পরিদর্শনপূর্বক বর্ণিত কার্যক্রম তদারকি এবং প্রয়োজনীয় সমন্বয় করবেন।

সিদ্ধান্ত-৪: ২৫ মার্চ গণহত্যা দিবস পালন এবং ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩ উদযাপন উপলক্ষ্যে গঠিত স্টিয়ারিং কমিটি এবং অভিবাদন ও পুষ্পস্তবক অর্পণ কমিটিতে ১৩ মার্চ ২০২৩ তারিখের ২৫.০০.০০০০.০১৫.৯৯.০০৮.৮৬(অংশ-২).২১১ ও ২১৪ স্মারকের মাধ্যমে মনোনয়নকৃত কর্মকর্তাগণ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে সকল সময় যোগাযোগ ও সমন্বয় করে যথাযথভাবে দায়িত্ব পালন করবেন।

সিদ্ধান্ত-৫: ঢাকার বাহিরে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা, বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসন কর্তৃক গৃহীত কর্মসূচির সাথে সমন্বয়পূর্বক এ মন্ত্রণালয়াধীন সংস্থা/দপ্তর ও কর্মকর্তাগণ যথাযথভাবে কর্মসূচি পালনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

পরিশেষে সভাপতি ২৫ মার্চ গণহত্যা দিবস পালন এবং ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩ এর সকল অনুষ্ঠান সুষ্ঠু ও সুচারুভাবে আয়োজনের লক্ষ্যে মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার প্রধানসহ সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে দায়িত্ব পালনের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৬/০৩/২০২৩
(কাজী ওয়াছি উদ্দিন)
সচিব
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

নম্বরঃ ২৫.০০.০০০০.০১৫.২৩.০০১.২২.২২৭

তারিখ: ০১ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
১৬ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

বিতরণ: সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা

০২। চেয়ারম্যান (সচিব), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা।

০৩। অতিরিক্ত সচিব (সকল), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।

০৫। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

০৬। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, স্থাপত্য ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

০৭। চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ(চউক)/খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ(খুউক)/রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ (রাউক)/ কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ (কউক)/গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ (গাউক)।

০৮। যুগ্মসচিব (সকল), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৯। মহাপরিচালক, এইচবিআরআই, মিরপুর রোড, দারুসসালাম, ঢাকা।

১০। পরিচালক, সরকারী আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১১। পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

১২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৩। উপসচিব (সকল), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৪। সচিবের একান্ত সচিব (উপসচিব), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৫। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

১৬। পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৭। সিস্টেম এ্যানালিস্ট (আইসিটি), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৮। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব-৬/১২/১৬, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৯। সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা শাখা-১, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।

২০। হিসাবরক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মো: মনিরুজ্জামান)
উপসচিব
তারালাপনঃ ৯৫১২২৩১